# কৃষি মন্ত্রণালয়ে ২৪-৮-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ২য় সভার কার্য বিবরণী

২৪-৮-৯৬ ইং তারিখে অতিরিক্ত সচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়-এর সভাপতিত্বে সীড প্রমোশন কমিটির ২য় সভা কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট - "গ" তে দেয়া হলো।

সভার প্রারম্ভে অতিরিক্ত সচিব (উপকরণ) ও সভাপতি, সীড প্রমোশন কমিটি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান ও আলোচনা শুরু করার জন্য মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি'কে অনুরোধ জানান।

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভাকে জানান যে, সীড প্রমোশন কমিটির ২২-৫-৯৬ ইং তারিখের সিদ্ধান্ত মোতাবেক আসন্ন রবি মৌসুমে উৎপাদিতব্য গম, বোরো, ভূট্টা, আলু, সরিষা, সূর্যমুখী, সয়াবিন, চীনাবাদাম, ছোলা ও মসুর বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বিএডিসি কর্তৃক কৃষি গবেষণা প্রতিষ্ঠান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বীজ অনুমোদন সংস্থার সাথে আলোচনা করে প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়েছে এবং অত্র সভায় আলোচনা পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য কার্যপত্র প্রণয়ন করে উপস্থাপন করা হয়েছে। সভায় পূর্ব নির্ধারিত আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো ঃ

আলোচ্য সূচী-১ ঃ **গম, বোরো, ভূট্টা, আলু, সরিষা, সূর্যমুখী, সয়াবিন, চীনাবাদাম, ছোলা ও মসুর বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

(ক) গম বীজ ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, ১৯৯৭-৯৮ সালের বীজ সরবরাহে জন্য বিএডিসি ১৯৯৬-৯৭ সালে ২,২৩৭ টন ভিত্তি ও ১৮,৫০০ টন প্রত্যায়িত গম বীজ উৎপাদনের পরিকল্পনা করেছে। সভাপতি মহোদয় বলেন যে, বিএডিসি'র পরিকল্পিত মোট বীজ উৎপাদনের পরিমাণ কৃষি সম্প্রসারণ বিভাগের ১৮,৪৫৯ টন চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ। এ পর্যায়ে আলোচনায় অংশগ্রহণ করে মহাপরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয় বলেন যে, বিএডিসি'র জাতওয়ারী উৎপাদন পরিকল্পনা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ নয়। কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা)-ও বলেন যে, বিএডিসি কাঞ্চন জাতের উৎপাদনের উপরই জোর দিয়েছে এবং বীজ উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে একটি জাতের উপর নির্ভর করা উচিত নয় বলে মত প্রকাশ করেন।

এ সমস্ত মন্তব্যের পরিপ্রেক্ষিতে মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, কৃষক পর্যায়ে কাঞ্চন জাতের চাহিদাই সর্বাধিক এবং কেবলমাত্র এ জাতটিই কৃষক পর্যায়ে ভাল ফলন দিচ্ছে। বিএডিসি আকবর, বরকত, অঘ্রাণী জাত উৎপাদন করে অতীতে বিক্রিজনিত সমস্যার সম্মুখীন হয়; তবে প্রতিভা জাতটির উৎপাদন ভাল বলে প্রতীয়মান হয়েছে এবং এজন্য বিএডিসি প্রতিভা জাতের উৎপাদন বৃদ্ধি করেছে। তিনি আরও বলেন যে, কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে এ'বছর সরবরাহের জন্য স্থিরিকৃত প্রতিভা জাতের ৫০০ কেজির অতিরিক্ত মৌল বীজ সরবরাহ করা গেলে এর পরিবর্ধন ব্যবস্থা করা যাবে।

মহা-ব্যবস্থাপক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সোনালিকা জাতের চাহিদার উল্লেখ করলে পরিচালক (গবেষণা), কৃষি গবেষণা ইনস্টিটিউট জানান যে, সোনালিকা জাতটি রোগাক্রান্ত হওয়ায় ও উৎপাদন কমে যাওয়ার কারণে চাষাবাদ না করার জন্য গবেষণা কেন্দ্র হতেই পরামর্শ দেয়া হয়েছে। তিনি আরও বলেন যে, কোন কোন স্থানে সওগাত জাতটিও রোগাক্রান্ত হওয়ায় এর চাষাবাদ বৃদ্ধিতে সতর্কতা অবলম্বন করা হয়েছে। বীজ অনুমোদন সংস্থার প্রতিনিধিও এ ব্যাপারে একমত পোষণ করেন।

বীজ অনুমোদন সংস্থার পক্ষ থেকে প্রয়োজনের অতিরিক্ত ভিত্তি বীজ উৎপাদন করা হচ্ছে বলে উল্লেখ করা হলে মহা-ব্যবস্থাপক (বীজ) জানান যে, অতীতের অভিজ্ঞতা অনুযায়ী দুর্যোগের মোকাবিলা করার জন্য ও বেসরকারী পর্যায়ের চাহিদা মিটানোর জন্য কিছুটা অতিরিক্ত ভিত্তি বীজ উৎপাদন করার ব্যবস্থা রাখা হয়েছে।

কৃষি সম্প্রসারণ বিভাগ থেকে গম বীজের চাহিদা নির্ধারণের পদ্ধতির উল্লেখ করে সভাপতি মহোদয় বলেন যে, চাহিদা প্রদানের সময় বাস্তবতার নিরিখে চাহিদা প্রদান করতে হবে। সভাপতি মহোদয় আরো উল্লেখ করেন যে, বিএডিসি নিজস্ব মার্কেটিং পদ্ধতিতে যে জাতের বীজ বিপণন করতে সক্ষম তাই উৎপাদন কর্মসূচীতে বেশী অন্তর্ভুক্ত করছে।

বিএডিসি ও বীজ অনুমোদন সংস্থার প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মৌল বীজ উৎপাদন ও সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে গবেষণা প্রতিষ্ঠানের আরও সুযোগ-সুবিধা বৃদ্ধির পক্ষে সভায় মতামত দেয়া হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) আসন্ন ১৯৯৬-৯৭ সালে গম বীজ মৌসুমে বিএডিসি'র প্রস্তাবিত ২,২৩৭ টন ভিত্তি ও ১৮,৫০০ টন প্রত্যায়িত গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুমোদন করা হলো (বিস্তারিত পরিশিষ্ট -"ক")।

(খ) বিএডিসি ভবিষ্যতে কাঞ্চন জাতের বীজ উৎপাদন কমিয়ে অন্যান্য উচ্চ উৎপাদনশীল জাত অধিক পরিমাণে বীজ উৎপাদন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করবে।

(গ) গবেষণা প্রতিষ্ঠান ভাল জাতের গম বীজ অবমুক্তির জোর প্রচেষ্টা নিবে ও কৃষি সম্প্রসারণ বিভাগ নতুন জাত প্রসারের জন্য সে সমস্ত জাতের বহুল প্রদর্শনীর আয়োজন করবে।

(ঘ) কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে এ বৎসর যতটুকু সম্ভব প্রতিভা জাতের মৌল বীজ বিএডিসিতে সরবরাহ করা হবে।

(খ) বোরো বীজ ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি উল্লেখ করেন যে, কৃষি সম্প্রসারণের ১৯৯৭-৯৮ সালের জন্য ৪,৩৬৯ টন বোরো বীজের চাহিদার বিপরীতে বিএডিসি ১৯৯৬-৯৭ মৌসুমে ৫,০৫০ টন ও ১৯৯৭-৯৮ সালে ৫,২০০ টন বিভিন্ন জাতের বোরো বীজ সরবরাহ করবে। কৃষি সম্প্রসারণ বিভাগের চাহিদার চেয়ে বেশী পরিমাণে বোরো বীজ সরবরাহের বিএডিসি'র প্রস্তাবকে সভার পক্ষ থেকে স্বাগত জানানো হয়। মহা-ব্যবস্থাপক (বীজ) আরও উল্লেখ করেন যে, নতুন অবমুক্ত জাতসমূহের উৎপাদনের উপর অধিক জোর দেয়া হয়েছে।

বীজ অনুমোদন সংস্থার প্রতিনিধি জানান যে, এএসএসপি'র সহযোগিতায় ধান গবেষণা প্রতিষ্ঠানের মৌল বীজ উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতির উন্নয়ন হয়েছে তবে ধান গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি জানান যে, অনেক বেশী সংখ্যক জাত বর্তমান থাকায় বর্তমান সুযোগ-সুবিধায় সম্পূর্ণ বিশুদ্ধ মৌল বীজ সরবরাহ দূরূহ ব্যাপার।

সিদ্ধান্ত ঃ

(ক) বিএডিসি'র প্রস্তাব মোতাবেক ১৯৯৬-৯৭ সালে বোরো মৌসুমে ৮২ টন ভিত্তি বোরো বীজ ও ৫,২০০ টন প্রত্যায়িত বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুমোদিত হলো (বিস্তারিত পরিশিষ্ট-খ)।

(খ) ধান গবেষণা প্রতিষ্ঠান এ বছর ২০০ কেজি ও আগামী ১৯৯৭-৯৮ সালে বোরো মৌসুমে ২২০ কেজি মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে।

(গ) ভূট্টা বীজ ঃ

দেশে ভূট্টা বীজের বর্তমান চাহিদার তুলনায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা কম হয়েছে বলে সভায় মত প্রকাশ করা হয়। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, কোন কোন এনজিও ভূট্টা বীজ বিএডিসি'র নিকট থেকে আগাম বুকিং করছে ও ভূট্টা বীজের সার্বিক চাহিদা বাড়ছে।

সিদ্ধান্ত ঃ

(ক) বিএডিসি'র প্রস্তাব মোতাবেক ১৯৯৬-৯৭ মৌসুমে ২৯৫ টন প্রত্যায়িত ও ১০ টন ভিত্তি বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুমোদন করা হলো (বিস্তারিত পরিশিষ্ট - "ক"।

(ঘ) আলু বীজ ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভাকে অবহিত করেন যে, বিএডিসি'র বর্তমানে ৮,০০০ টন আলু বীজ সংরক্ষণের সুবিধা রয়েছে। এর অধিক বীজ উৎপাদন করতে হলে সংরক্ষণ সুবিধা বৃদ্ধি করতে হবে। তিনি আরও জানান যে, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র ও বিএডিসি যৌথভাবে ৫ বছরের মৌল বীজ সরবরাহের ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছে এবং বর্তমান বছরের উৎপাদন কর্মসূচী ভিত্তি বীজের সরবরাহের উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়েছে।

আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি, বাংলাদেশ সীড মার্চেন্টস্ এসোসিয়েশন তাদের ভিত্তি বীজআলু সরবরাহের জন্য অনুরোধ করেন। তিনি বলেন যে, প্রয়োজন হলে তারা মাঠ থেকে সরাসরি ভিত্তি বীজ সরবরাহ নিয়ে নিজস্ব তত্ত্বাবধানে গুদামজাত করবেন। মহা-ব্যবস্থাপক (বীজ) বলেন যে, এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার জন্য শীঘ্রই একটি সভার আয়োজন করা হবে। তিনি আরও জানান যে, প্রত্যায়িত বীজআলু বিক্রয়ের জন্য জাতীয় খবরের কাগজে বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

(ক) বিএডিসি'র প্রস্তাবিত ১,৫০০ টন ভিত্তি ও ৮,৫০০ টন প্রত্যায়িত বীজআলু উৎপাদনের লক্ষ্যমাত্রা অনুমোদিত হলো (বিস্তারিত পরিশিষ্ট -"ক")।

(খ) বিএডিসি সম্ভবমত ভিত্তি বীজ প্রাইভেট চাষীদের সরবরাহ করার প্রচেষ্টা নিবে।

(ঙ) ডাল ও তৈল বীজ ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, বিএডিসি বিভিন্ন ডাল ও তৈল বীজ অনুমোদনের লক্ষ্যমাত্রা পিপি'র সংস্থানের প্রতি লক্ষ্য রেখে নির্ধারণ করেছে।

সিদ্ধান্ত ঃ

(ক) বিএডিসি'র প্রস্তাবিত সরিষা, চীনাবাদাম, সূর্যমুখী, সয়াবিন, ছোলা ও মসুরী বীজের লক্ষ্যমাত্রা অনুমোদন করা হলো (বিস্তারিত পরিশিষ্ট - "ক")।

আলোচ্য সূচী-২ ঃ ডাল বীজের প্রমোশনের জন্য কর্মসূচী প্রণয়ন

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভাকে অবহিত করেন যে, নেদারল্যান্ড কারিগরী ইউনিট-এর সহযোগিতায় সরিষার ৫০টি, চীনা বাদামের ২৭টি, সয়াবিনের ২২টি, সূর্যমুখীর ১০টি, ছোলার ১৬টি, মসুরের ২০টি, আলুর ১০টি ও ভূট্টার ৫০টি অর্থাৎ মোট ১৮০টি প্রদর্শনীর আয়োজন বিএডিসি থেকে করা হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট -"খ")। সভার পক্ষ থেকে এ'ব্যাপারে সন্তুষ্টি প্রকাশ করা হয় এবং অন্যান্য ফসলের নতুন অবমুক্ত জাতসমূহের প্রসারের জন্য প্রচুর পরিমাণে প্রদর্শনীর আয়োজন করার জন্য কৃষি সম্প্রসারণ বিভাগকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) কৃষি সম্প্রসারণ বিভাগ ও গবেষণা প্রতিষ্ঠান নতুন অবমুক্ত জাতসমূহের প্রসারের জন্য প্রচুর প্রদর্শনীর আয়োজন করবে ও পরবর্তী সীড প্রমোশন কমিটির সভায় এ ব্যাপারে অগ্রগতি অবহিত করবে।

(খ) প্রদর্শনীর জন্য প্রয়োজনীয় বীজের চাহিদা মৌসুম শুরুর অনেক আগেই বিএডিসিকে জানাতে হবে।

আলোচ্য সূচী-৩ ঃ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)-এর প্রতিনিধিকে সীড প্রমোশন কমিটির সদস্য হিসেবে গ্রহণ করা।

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, মহাপরিচালক, বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ তাঁদের প্রতিনিধিকে সীড প্রমোশন কমিটির সদস্য হিসেবে গ্রহণ করার অনুরোধ করেছেন। যেহেতু 'বিনা' থেকে বেশ কিছু সংখ্যক ফসলের জাত অবমুক্ত হয়েছে সেহেতু তাঁদের প্রতিনিধিকে সীড প্রমোশন কমিটির সদস্য হিসেবে গ্রহণের পক্ষে সভায় মতামত দেয়া হয়।

এ পর্যায়ে মহা-পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় - বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়-এর প্রতিনিধিকেও সীড প্রমোশন কমিটির সদস্য হিসেবে গ্রহণের সুপারিশ করেন।

সিদ্ধান্ত ঃ

(ক) বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ এবং কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহকে সীড প্রমোশন কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে। মহা-পরিচালক, বীজ উইং), কৃষি মন্ত্রণালয় এ ব্যাপারে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারীর ব্যবস্থা নিবেন।

সভয় আর কোন আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/-
এম, সাইফুল ইসলাম
অতিরিক্ত সচিব (উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট-"ক"

**১৯৯৬-৯৭ সালে বিএডিসি কর্তৃক বীজ উৎপাদন ও বিএডিসি'কে ব্রিডার বীজ সরবরাহ সংক্রান্ত ২৪-৮-১৯৯৬ ইং তারিখের সীড প্রমোশন কমিটির ২য় সভার সিদ্ধান্ত ঃ**

| বীজের নাম | জাত | ১৯৯৬-৯৭ সালে বীজ উৎপাদনের পরিমাণ (টন) | | ব্রিডার বীজ সরবরাহ (কেজি) | |
|---|---|---|---|---|---|
| | | ভিত্তি | প্রত্যায়িত | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ |
| গম | কাঞ্চন | ২,০৬২.০ | ১৮,০০০ | ১,০০০ | ১,০০০ |
| | সোনালিকা | ২.৫ | - | ২৫০ | - |
| | আকবর | ১৪.৫ | ৩০০ | ২৫০ | ২০০ |
| | অঘ্রাণী | ২.৫ | ২০০ | ২০০ | ২০০ |
| | প্রতিভা | ১৫৫.৫ | - | ৫০০ | ১,০০০ |
| | মোট ঃ | ২,২৩৭.০ | ১৮,৫০০ | ২,২০০ | ২,৪০০ |
| বোরো | বিআর-৩ | ২৩ | ২৫০ | ৩০ | ৩০ |
| | বিআর-১৪ | ১২ | ২,২৩০ | ৩৫ | ৩৫ |
| | বিআর-১৬ | ৬ | ২৫০ | ১৫ | ১৫ |
| | বিআর-২৬ | ১৭ | ১,৬০০ | ৩০ | ৪০ |
| | ব্রিধান-২৮ | ১২ | ৩৪৫ | ৪০ | ৫০ |
| | ব্রিধান-২৯ | ১২ | ৫০০ | ৪০ | ৫০ |
| | ইরাটম-২৪ | - | ২৫ | ১০ | - |
| | মোট ঃ | ৮২ | ৫,২০০ | ২০০ | ২২০ |
| ভূট্টা | বর্ণালী | ৪ | ২০০ | ৬০ | ৭৫ |
| | খৈ ভূট্টা | ৩ | ৬০ | ৩০ | ৩০ |
| | মোহর | ৩ | ৩৫ | ১৫ | ৩০ |
| | মোট ঃ | ১০ | ২৯৫ | ১০৫ | ১৩৫ |
| আলু | ডায়মন্ট | ৪২৬ | ৩৭৫২ | ১০০ | ১০০ |
| | কার্ডিনাল | ২৫৬ | ১০৫৬ | ৫০ | ৫০ |
| | ক্লিওপেট্রা | ৩৩ | ১২২০ | ৫০ | ৫০ |
| | বিনেলা | ৩১৪ | ১৬৪ | - | - |
| | গ্রেনুলা | - | ৫৩৬ | - | - |
| | পেট্রোনিজ | ৩৩ | ২০৪ | ৩৫ | ৫০ |
| | আইলসা | ৩৩ | ৩৫২ | ৫০ | ৫০ |
| | মূলটা | ৩৩ | ৩৯২ | ৬০ | ৬৫ |
| | হীরা | ৬৫ | ৭৮০ | ৭৫ | ৭৫ |
| | কুফরী সিন্দুরী | - | ৪৪ | - | - |
| | মনডিয়াল | ১৪৪ | - | - | - |
| | মরিনি | ১৪৪ | - | - | - |
| | ধীরা | ১৩ | - | ১৫ | ৩০ |
| | চমক | ৬ | - | ১৫ | ৩০ |
| | মোট ঃ | ১,৫০০ | ৮৫০০ | ৪৫০ | ৫০০ |

চলমান পাতায় দেখুন

| বীজের নাম | জাত | ১৯৯৬-৯৭ সালে বীজ উৎপাদনের পরিমাণ (টন) | | ব্রিডার বীজ সরবরাহ (কেজি) | |
|---|---|---|---|---|---|
| | | ভিত্তি | প্রত্যায়িত | ১৯৯৬-৯৭ | ১৯৯৭-৯৮ |
| সরিষা | টরি-৭ | ০.৯০ | ৭০ | ১১ | ১১ |
| | সম্পদ | ০.৫০ | ৩২ | ৫ | ৫ |
| | সোনালী | ০.২৫ | ১৫ | ৩ | ৩ |
| | ধলি | ০.৪৫ | ৩৮ | ৫ | ৫ |
| | জটারাই | ০.১৫ | ১০ | - | - |
| | বারি সরিষা-৭ | ০.১৫ | ৫ | ২ | ২ |
| | বারি সরিষা-৮ | ০.১৫ | ৫ | ২ | ২ |
| | মোট ঃ | ২.৫৫ | ১৭৫ | ২৮ | ২৮ |
| চীনাবাদাম | ঢাকা-১ | ২.৫০ | ৪০ | ২২৫ | ২৬৬ |
| | ঝিঙ্গাবাদাম | ৮.০০ | ৯৮ | ৭০০ | ৬৯০ |
| | মোট ঃ | ১০.৫০ | ১৩৮ | ৯২৫ | ৯৫৬ |
| সূর্যমুখী | কিরণী | ৬.৮৫ | ৬৫ | ৯৮ | ৫১ |
| সয়াবিন | পিবি-১ | ৮.৭৫ | ৫৭ | ৬৭৫ | ৬২৫ |
| | জি-২ | ১.৭৫ | ৮ | ৭৫ | ১২৫ |
| | মোট ঃ | ১০.৫০ | ৬৫ | ৭৫০ | ৭৫০ |
| ছোলা | নবীন | ১.০ | ৫৬.৪০ | ৬০ | ২২০ |
| | বারি ছোলা-২ | ২.২ | ২৬.০০ | ১৩৫ | ১৪৭ |
| | বারি ছোলা-৩ | ০.৩ | ২.৬০ | ১৮ | ৪০ |
| | বারি ছোলা-৪ | ০.৬ | - | ৩৫ | ৪০ |
| | বারি ছোলা-৫ | ০.৬ | - | ৩৬ | ৪০ |
| | বারি ছোলা-৬ | - | - | - | ২০ |
| | বিনা ছোলা-২ | ০.৪ | - | ৩০ | ২০ |
| | মোট ঃ | ৫.১ | ৮৫.০০ | ৩১৪ | ৫২৭ |
| মসুর | এল-৫ | ২.০ | ৫৩ | ৮৪ | ৯৬ |
| | বারি মসুর-২ | ১.৬ | ৩৪ | ৬৪ | ৬৪ |
| | বারি মসুর-৩ | ০.৮ | - | ৩২ | ৩২ |
| | বারি মসুর-৪ | - | - | - | ১২ |
| | মোট ঃ | ৪.৪ | ৮৭ | ১৭৬ | ২০৪ |

পরিশিষ্ট-"খ"

## নেদারল্যান্ড টেকনিক্যাল ইউনিটের সহযোগিতায় ১৯৯৬-৯৭ রবি মৌসুমে বিএডিসি কর্তৃক আয়োজিত বিভিন্ন ফসলের প্রদর্শনীর বিবরণী

| ক্রমিক নং | ফসলের নাম | জাতের সংখ্যা | জাতের নাম | প্রত্যেক জাতের জন্য জমির পরিমাণ (একর) | প্রদর্শনীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১। | চীনাবাদাম | ১ | ঝিংগাবাদাম | ০.১০ | ২৭ |
| ২। | সরিষা | ৪ | ক) ধলি | ০.০৫ | |
| | | | খ) সম্পদ | ০.০৫ | ৫০ |
| | | | গ) বারি সরিষা-৭ | ০.০৫ | |
| | | | ঘ) বারি সরিষা-৮ | ০.০৫ | |
| ৩। | সয়াবিন | ১ | সোহাগ | ০.১০ | ২২ |
| ৪। | সূর্যমুখী | ২ | ক) কিরণী | ০.০৫ | ১০ |
| | | | খ) হাই সান-৩৩ | ০.০৫ | |
| ৫। | ছোলা | ৪ | ক) নবীন | ০.০৫ | |
| | | | খ) বারি ছোলা-৪ | ০.০৫ | ১৫ |
| | | | গ) বারি ছোলা-৫ | ০.০৫ | |
| | | | ঘ) বিনা ছোলা-২ | ০.০৫ | |
| ৬। | মসুর | ৩ | ক) উৎফলা | ০.০৫ | |
| | | | খ) বারি মসুর-২ | ০.০৫ | ২০ |
| | | | গ) বারি মসুর-৩ | ০.০৫ | |
| ৭। | আলু | ৩ | ক) বিনেলা | ০.০৫ | |
| | | | খ) হীরা | ০.০৫ | ১০ |
| | | | গ) ক্লিওপেট্রা | ০.০৫ | |
| ৮। | ভূট্টা | ২ | ক) বর্ণালী (কম্পোজিট) | ০.১০ | ২৫ |
| | | | খ) প্যাসিফিক-১৯ (হাইব্রিড) | ০.১০ | |
| | | | সর্বমোট ঃ | | ১৭৯ |